বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH
www.bcic.gov.bd

সূত্র নং-৩৬.০১.০২৭.০১.০২.৫৩০৫.২০১৬/৩৯৭ তারিখ ঃ ৩০-১১-২০১৭খ্রিঃ।

"একই স্মারক ও তারিখে প্রতিস্থাপন গণ্য হবে।"

বিষয়ঃ বিভাগীয় মোকদ্দমার অভিযোগ হতে অব্যাহতি প্রদানসহ সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার প্রসংগে।

সংস্থাধীন টিএসপিসিএল-এ গত ২২-০৯-২০১৬ তারিখ রাতে সংঘঠিত দূর্ঘটনায় প্রাথমিক তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে কারখানার -নিরাপত্তা শাখার প্রধান হিসেবে আপনাকে গত ১৭-১০-২০১৬ খ্রিঃ তারিখের নং-৩৬.০১.০২৭.০১.০২.৫৩০৫.২০১৬/৭৩১ দ্বারা চাকুরী হতে সাময়িক বরখাস্তসহ "কারণ দর্শানো নোটিশ" প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আপনার গত ১০-১১-২০১৬খ্রিঃ তারিখে দাখিলকৃত লিখিত জবাব ও সংস্থার ১৬-০১-২০১৭খ্রিঃ তারিখের দপ্তরাদেশ নং-৩৬.০১.০২৭.০১.০২.৫৩০৫.২০১৬/২৪ দ্বারা গঠিত বিভাগীয় তদন্ত কমিটি'র ০৯-১১-২০১৭খ্রিঃ তারিখের তদন্ত প্রতিবেদন এবং আপনার অতীত চাকুরীর রেকর্ড পর্যালোচনায় আপনাকে অধিক সতর্কতার সাথে দায়িত্ব-কর্তব্য পালনের নির্দেশনাসহ কর্তৃপক্ষ আপনার বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেছেন ঃ

"আনীত অভিযোগ হতে আপনাকে এতদ্বারা অব্যাহতি প্রদান পূর্বক চাকুরী হতে সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার করা হলো।"

এছাড়া বিধি মোতাবেক আপনার সাসপেনশনের সময়কাল কার্য্যকাল হিসেবে বিবেচিত হবে এবং আপনার খোরপোষ ভাতা বকেয়া বেতনের সাথে সমন্বয় পূর্বক বকেয়া বেতন-ভাতা প্রদান করা হবে।

(মোঃ মোশতাক আহমেদ)
সহকারী কর্মচারী প্রধান (প্রশাসন)
কর্মচারী প্রধানের পক্ষে।
ফোন-৯৫৬২১৪০-(০৬০৫)
admn.acop5@bcic.gov.bd

প্রাপক ঃ
জনাব মোঃ আরিফুর রহমান
সহকারী ফায়ার এন্ড সেফটি অফিসার (নিরাপত্তা শাখা প্রধান)
টিএসপিসিএল
উত্তর পতেংগা, চট্টগ্রাম।

অনুলিপি (জ্যেষ্ঠতা বা পদের ক্রমানুসারে নয়)ঃ

০১। ব্যবস্থাপনা পরিচালক, টিএসপিসিএল; উত্তর পতেংগা, চট্টগ্রাম -(বিধি মোতাবেক সাসপেনশনের সময়কাল কার্য্যকাল হিসেবে বিবেচনা করে তাঁর খোরপোষ ভাতা বকেয়া বেতনের সাথে সমন্বয় পূর্বক বকেয়া বেতন ভাতা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।)
০২। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি।
০৩। মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিসিআইসি-ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
০৪। উপ-কর্মচারী প্রধান, প্রশাসন-১, কর্মচারী বিভাগ, বিসিআইসি-ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ।
০৫। উপ-কর্মচারী প্রধান, প্রশাসন-২, কর্মচারী বিভাগ, বিসিআইসি।
০৬। হিসাব বিভাগীয় প্রধান, টিএসপিসিএল, উত্তর পতেংগা, চট্টগ্রাম।
০৭। নোটিশ বোর্ড (সকল)।
০৮। দপ্তর নথি।
০৯। মহানথি।